**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের মাধ্যমে 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ প্রদানের ঘোষণা করলেন

***কর্মসূচিটি সংক্রামক ব্যাধি সমাধানের ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ের কোম্পানিসমূহকে এবং চূড়ান্ত পর্যায়ের একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণ প্রচেষ্টাকে ত্বরান্বিত করবে এবং একইসাথে স্টেটের লাইফ সাইন্স অর্থনীতিতে প্রবৃদ্ধি আনবে***

***প্রথম রাউন্ডের সুপারিশকৃত প্রাপকেরা এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিলের (New York State Biodefense Commercialization Fund) প্রথম রাউন্ডের 40 মিলিয়ন মার্কিন ডলার বিজয়ীদের নাম ঘোষণা করলেন। কর্মসূচিটি তৈরি করা হয়েছে কোভিড-19 এবং এর ভ্যারিয়েন্টসহ মারাত্মক সংক্রামক রজার ঝুঁকি সমাধানে লাইফ সাইন্স উদ্ভাবনের বিকাশ ও বাণিজ্যিকীকরণ ত্বরান্বিত করতে এবং একই সাথে কর্মসংস্থান সৃষ্টি করতে এবং নিউ ইয়র্কের বর্ধিষ্ণু লাইফ সাইন্স শিল্পের প্রবৃদ্ধি উৎসাহিত করতে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) বোর্ডের অনুমোদনের পর, আঠারোটি অনুদান হিসেবে মোট 15,292,418 মার্কিন ডলার অনুদান প্রদান করার প্রতিশ্রুতি দেওয়া হবে।

"নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 দ্বারা সর্বপ্রথম এবং সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে, এবং এখন যখন নিউ ইয়র্ক ভাইরাসটির সাথে লড়ায়ে অগ্রগতি করে যাচ্ছে এবং আরো শক্তিশালী হয়ে পুনর্গঠিত হচ্ছে, তখন আমরা ভবিষ্যতে যাতে প্রস্তুত থাকতে পারি তা নিশ্চিত করতে পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "এই অনুদানগুলি নিউ ইয়র্ক স্টেটের ভিশনারি লাইফ সাইন্স কোম্পানিসমূহের বৃদ্ধির প্রচার করবে এবং একইসাথে বর্তমান ও ভবিষ্যৎ সংক্রামক ব্যাধির ঝুঁকির ক্ষেত্রে আমাদের প্রস্তুতি বৃদ্ধি করবে, আগামী অনেক বছরের জন্য একটি নিরাপদতর,, আরো মজবুত এম্পায়ার স্টেট নির্মাণে সাহায্য করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন,** "স্টেটের লাইফ সাইন্স উদ্যোগের (Life Science Initiative) মাধ্যমে কোভিড-19 এবং অন্যান্য সংক্রামক ব্যাধির উপর মনোযোগ প্রদানকারী উদ্ভাবনী কোম্পানিকে সমর্থন করা প্রদর্শন করেছে যে নিউ ইয়র্ক স্টেট বৈশ্বিক স্বাস্থ্য উদ্বেগ নিয়ে

কাজ করছে এবং একইসাথে অর্থনৈতিক বিকাশ এবং লাইফ সাইজ ইকোসিস্টেমের প্রবৃদ্ধির ক্ষেত্রে এর লক্ষ্য অর্জনে কাজ করছে।"

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল একটি উদ্ভাবনী কর্মসূচি যা নিউ ইয়র্কের সংক্রামক ব্যাধির সক্ষমতা অগ্রসর করবে এবং একইসাথে লাইফ সাইন্স খাতকে বিকশিত করবে। কোভিড-19 এবং নতুন ভ্যারিয়েন্টসহ সংক্রামক ব্যাধির বিরুদ্ধে লড়াইয়ে গবেষণা এবং বেসরকারি খাতের প্রচেষ্টায় বিনিয়োগ করা হলে তা আমাদের জনস্বাস্থ্য যন্ত্রসামগ্রীকে আরো মজবুত করবে এবং আমাদেরকে ভবিষ্যতের জন্য আরো ভালোভাবে প্রস্তুত করবে।"

**পার্টনারশিপ ফর নিউ ইয়র্ক সিটির (Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের লাইফ সাইন্স শিল্প বৈশ্বিক উদ্ভাবনী অর্থনীতিতে আমাদের নেতৃত্বের একটি ক্রমবর্ধমান জরুরি অবদান রাখছে। গবেষণা এবং বাণিজ্যিকীকরণের সরকারি বিনিয়োগ বেসরকারি খাত দ্বারা এবং এর সৃষ্টি অর্থনৈতিক কর্মকাণ্ড দ্বারা বহুগুণ বর্ধিত হবে।"

মারাত্মক সংক্রামক ব্যাধির ঝুঁকি প্রতিরোধ, চিকিৎসা বা প্রশমন করার জন্য সম্ভাবনাময় রোগনির্ণয়, টিকা, থেরাপিউটিক্স, এবং অন্যান্য উদ্ভাবন বিকাশকারী স্টার্টআপ কোম্পানিসমূহকে 4 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য আবেদন করার আমন্ত্রণ জানানো হয়েছিলো। নিউ ইয়র্কের একাডেমিক গবেষণা প্রতিষ্ঠানগুলিও লাইফ সাইন্সে অগ্রসর বুদ্ধিমত্তা সম্পদ দ্রুত খুঁজে পেতে সাহায্য করার জন্য 500,000 মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য আবেদন করতে পেরেছে।

তহবিল বাণিজ্যিকীকরণ প্রচেষ্টা ত্বরান্বিত করতে শুধু আর্থিকভাবে সাহায্য করবে না। উদ্যোগের ব্যাপারে এবং বায়োফার্মাসিউটিক্যালসের ব্যাপারে ব্যাপক দক্ষতাসহ 40 জনের বেশি মেন্টরকে তহবিলে নিয়োগ দেওয়া হয়েছে যাতে তারা প্রাপকদের তাদের প্রযুক্তি বাণিজ্যিকীকরণের দিকে অগ্রসর করতে সহায়তা করতে পারে। এই কাস্টোমাইজড পথপ্রদর্শন উদ্ভাবনী বিকাশ এবং কোম্পানির প্রবৃদ্ধি উভয় ক্ষেত্রে একটি সফল সম্মুখগামী পথ তৈরি করতে অত্যন্ত মূল্যবান হবে।

এই আবেদন রাউন্ডের ফল হিসেবে, আটটি স্টার্টআপ কোম্পানি এবং 10টি একাডেমিক প্রতিষ্ঠানের জন্য অনুদান সুপারিশ করা হচ্ছে। অনুদানগুলি বাজারে সংক্রামক ব্যাধির সমাধান নিয়ে আসবে, যেমন সনাক্তকরণ, থেরাপিউটিক্স এবং অন্যান্য উদ্ভাবন যা মারাত্মক সংক্রামক ব্যাধির বিস্তার ঠেকায় বা প্রশমন করে। মোট 177টি আবেদন গ্রহণ করা হয়েছে; যার মধ্যে 104টি স্টার্টআপ কোম্পানি এবং 73টি একাডেমিক প্রতিষ্ঠানের।

অর্থপ্রাপ্ত প্রকল্পগুলি তাদের ভৌগলিক অবস্থান ও মনোযোগের ভিত্তিতে বৈচিত্র্যময়। আটটি স্টার্টআপ কোম্পানি, যাদের মোট 11,115,659 মার্কিন ডলার প্রদান করা হয়েছে, তারা স্টেটের কোম্পানি ও কর্মসংস্থান সৃষ্টি/ধরে রাখা এবং অতিরিক্ত ক্যাপিটাল জোগাড়ের জন্য এর কর্মসূচিসমূহ ব্যবহারের অর্থনৈতিক প্রচেষ্টাকে দৃঢ়ভাবে সমর্থন করে। উদাহরণস্বরূপ, স্টার্টআপসমূহকে প্রদত্ত অর্থ বিদ্যমান মোট 61.4 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং বিনিয়োগ

তহবিল ব্যবহার করবে। পাশাপাশি, বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল অনুদান প্রাপ্ত কোম্পানিসমূহকে অবশ্যই অনুদান সম্পূর্ণ হওয়ার কমপক্ষে তিন বছর পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে থেকে যাওয়ার এবং এখানে ব্যবসা পরিচালনা করা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দিতে হবে।

**নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স উদ্যোগ**
নিউ ইয়র্কে একটি বিশ্বমানের লাইফ সাইন্স গবেষণা ক্লাস্টারের বিকাশ শুরু করার জন্য নিউ ইয়র্ক স্টেট 620 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগ প্রণয়ন করেছে এবং একইসাথে এই গবেষণাকে বাণিজ্যিকীকরণ করে অর্থনীতির প্রবৃদ্ধি করতে স্টেটের ক্ষমতাকে সম্প্রসারিত করে। বহুমাত্রিক উদ্যোগটিতে রয়েছে স্টেটে নতুন লাইফ সাইন্স প্রযুক্তি আকৃষ্ট করা, উদীয়মান লাইফ সাইন্স ক্ষেত্রসমূহে অতি গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি খাতের বিনিয়োগের প্রচার করা এবং পুরো নিউ ইয়র্কে লাইফ সাইন্স সম্পর্কিত ব্যবসা ও চাকরি তৈরি ও বিস্তার করার কৌশলী কর্মসূচির জন্য 320 মিলিয়ন মার্কিন ডলার।

লাইফ সাইন্স খাতে রয়েছে বায়োটেকনোলজি, ফার্মাসিউটিক্যালস, বায়োমেডিক্যাল প্রযুক্তি, লাইফ সিস্টেমস প্রযুক্তি, এবং এতে অন্তর্ভুক্ত আছে সেই সব সংস্থা ও প্রতিষ্ঠান যেগুলি গবেষণা, উন্নয়ন, প্রযুক্তি স্থানান্তর ও বাণিজ্যিকীকরণের বিভিন্ন পর্যায়ে তাদের বেশির ভাগ প্রচেষ্টা নিয়োজিত করে। প্রতিদিন এই খাতের ফার্মগুলি নতুন মেডিক্যাল এবং ফার্মাসিউটিক্যাল উদ্ভাবন করছে যা জীবন রক্ষা করতে পারে, এটি হতে পারে নতুন থেরাপি বা ক্যান্সার বা স্নায়বিক রোগের দ্রুত সনাক্তকরণের মাধ্যমে। এইসব ফার্ম কৃষি এবং পরিবেশগত বায়োটেকনোলজির ক্ষেত্রেও উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করছে, যা অধিক পরিচ্ছন্ন ও টেকসই ভবিষ্যৎ নির্মাণে সহায়তা করছে।

উদ্যোগগুলি জোরদার করে, ফ্যাসিলিটিতে বিনিয়োগ করে, এবং প্রতিভা ও দক্ষতার উপলভ্যতা উন্নত করে, নিউ ইয়র্ক শিল্প-অর্থায়িত গবেষণা ও বিকাশে নিজের ভাগ উল্লেখজনকভাবে বৃদ্ধি করবে, বিদ্যমান একাডেমিক গবেষণার বাণিজ্যিকীকরণ সমর্থন করবে, এবং আধুনিক প্রযুক্তির পরবর্তী প্রজন্মে পদার্পণ করবে। বিজ্ঞানের অগ্রগতি ছাড়াও, উদ্যোগটি নিউ ইয়র্ককে উদীয়মান উৎপাদনভিত্তিক উদ্যোগের জন্য একটি চুম্বক হিসেবে স্থাপন করবে, আঞ্চলিক অর্থনীতিসমূহকে জোরদার কবে এবং হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করবে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ESD ঋণ, অনুদান, কর ক্রেডিট এবং অন্যান্য ধরনের আর্থিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটব্যাপী বেসরকারি ব্যবসায়িক বিনিয়োগ বৃদ্ধি ও বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং সমৃদ্ধ সম্প্রদায়কে সমর্থন করার জন্য কাজ করছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট

ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন